**(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নম্বর: ০৫.৮১.০০০০.০১৪.৩১.০২৪.২৪-২৯৯

তারিখ: ১৬ পৌষ, ১৪৩১
৩১ ডিসেম্বর, ২০২৪

# বিজ্ঞপ্তি

বিষয়: **(১) সরকারের অসামরিক খাতের ১৩তম থেকে ২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারী এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত ১৩তম থেকে ২০তম গ্রেড (মূল পদ গ্রেড) কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি';**

**(২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র দরখাস্ত আহবান।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদেয় **২০২৪-২০২৫ অর্থবছরের জন্য (১)** সরকারের অসামরিক খাতের ১৩তম থেকে ২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত কর্মচারীর (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত ১৩তম থেকে ২০তম গ্রেড (মূল পদ গ্রেড) কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'** (২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'র** জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে দরখাস্ত দাখিলের শর্ত ও নিয়মাবলী অনুসরণ করে **URL: eservice.bkkb.gov.bd** এর মাধ্যমে যথাযথভাবে অনলাইনে আবেদন করতে হবে। দরখাস্ত/আবেদন করার শর্ত ও নিয়মাবলী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে **(www.bkkb.gov.bd)** পাওয়া যাবে।

০২। ২ জানুয়ারি, ২০২৫ তারিখ সকাল ৯.০০টা থেকে ৩১ জানুয়ারি, ২০২৫ বিকাল ৫.০০ টার মধ্যে দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার জন্য গৃহীত হবে।

০২.০১.২৫

(এ. কে. এম. আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: ০২-২২৬৬৬৫০৩৬
ই-মেইল: adg@bkkb.gov.bd

বিতরণ:

১। পরিচালক (প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ)।
৩। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। নোটিশ বোর্ড (সকল)।

# শর্ত ও দরখাস্ত করার নিয়মাবলী

**(শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে, আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।)**

১. ১৩তম-২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর সন্তানদের ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য **'শিক্ষাবৃত্তি'** এবং সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য **'শিক্ষাবৃত্তি'**র আবেদন করতে পারবেন;

২. **ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;**

৩. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট **www.bkkb.gov.bd** এর **"শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন"** লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে **eservice.bkkb.gov. bd** টাইপ করে Enter চাপুন;

৪. হোম পেজ থেকে **"রেজিস্ট্রেশন"** বাটনে ক্লিক করলে একটি পাতা আসবে। ১৩তম-২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য কর্মচারীর ধরণ **"কর্মরত"** এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন **"কর্মরত"** এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরন **"রাজস্বখাতভুক্ত"** বাছাই করলে পে-ফিক্সেশন নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর দিতে হবে;

৫. সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** বাছাই করলে কোন পে-ফিক্সেশন নম্বর লাগবে না, শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে;

৬. ১৩তম-২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারীগণকে অর্থ বিভাগের **পে-ফিক্সেশন এর ভেরিফিকেশন নম্বর ও** বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণ **জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ ডিজিটের), মোবাইল নম্বরসহ** অন্যান্য তথ্যাদি দিয়ে **"রেজিস্ট্রেশন করুন"** বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে **৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড** যাবে। এই কোড নম্বরটি দিয়ে **"Submit"** বাটনে ক্লিক করলে **"অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ন হয়েছে"** এই ম্যাসেজ টি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট। অনলাইনে আবেদন করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে একবারই রেজিস্ট্রেশন করতে হবে;

৭. সফটওয়্যারে লগইন করার জন্য হোম পেজ থেকে **"লগইন"** বাটনে ক্লিক করে **মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড** দিয়ে লগইন করতে হবে;

৮. শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য **"শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন"** এই লিংকটিতে ক্লিক করে **নির্দেশাবলী** অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করতে হবে;

৯. আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পুরণ করে **কর্মচারীর ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হবে।**

১০ ফরম যথাযথভাবে পুরণ করে **"সংরক্ষণ করুন"** বাটনে ক্লিক করে আবেদন প্রিন্ট করুন, সংশোধন করুন, ডাউনলোড করুন ৩টি বাটন পাবেন;

১১. আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের/দায়িত্বপ্রাপ্ত মনোনীত শিক্ষকের স্বাক্ষর, নাম ও পদবিযুক্ত সীল, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর, নাম ও পদবিযুক্ত সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি ও ছাত্র/ছাত্রী **বিগত বছরের /বোর্ড/ সেমিস্টার/টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মুল মার্কশীট এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার/শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/অফিস প্রধান/অফিস মনোনীত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত স্ক্যান কপি** এবং কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহনের আদেশের অথবা মৃত হলে মৃত্যুসনদের সত্যায়িত স্ক্যান কপি **"চূড়ান্তভাবে দাখিল "** বাটনে ক্লিক করে দাখিল করতে হবে। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে **আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা** পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;

১২ স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল একজনই সন্তানদের **'শিক্ষাবৃত্তি'** লাভের জন্য আবেদন করতে পারবেন;

১৩. চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরুপ ছাত্র/ ছাত্রীগণ এ **'শিক্ষাবৃত্তি'** লাভের যোগ্য নন;

১৪. অসম্পূর্ণ, অস্পষ্ট ও ত্রুটিপূর্ণ আবেদন এবং সত্যায়নবিহীন নম্বরপত্র বিবেচনা করা হবে না। বিজ্ঞপ্তির শর্ত ও দরখাস্ত করার নিয়মাবলী অনুযায়ী নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার ঘাটতি সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১৫. ১৩তম-২০তম গ্রেডে (মূল পদ গ্রেড) কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'** পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বছরের/বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/ সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা |
|---|---|
| মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) | নূন্যতম সিজিপিএ ২.৫ (৪.০০) |

১৫. **সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর** সন্তানদের **'শিক্ষাবৃত্তি'** পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে পূর্ববর্তী বছরের/বোর্ড/সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ / সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা |
|---|---|
| মাধ্যমিক (নবম - দশম শ্রেণি) | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক - স্নাতকোত্তর) | নূন্যতম সিজিপিএ ২.৫ (৪.০০) |

৩০/১২/২০২৪

(এ. কে. এম. আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: ০২-২২৬৬৬৫০৩৬
ই-মেইল: adg@bkkb.gov.bd